117

দৈনিক ইনকিলাব

তারিখ ... 14 MAR 1998 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ভূগোল অনার্স পরীক্ষা নিয়ে জটিলতা

ইনকিলাব রিপোর্ট ঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষের ভূগোল অনার্সের ব্যবহারিক পরীক্ষা নিয়ে জটিলতা সৃষ্টি হয়েছে। ছাত্রদের অভিযোগ হচ্ছে ভূগোল ব্যবহারিক পরীক্ষা

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## পরীক্ষা নিয়ে জটিলতা

প্রথম পৃষ্ঠার পর

একটি জটিলতর পরীক্ষা। ব্যবহারিক বিষয়গুলো ভালভাবে না করিয়েই ব্যবহারিক পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছে আগামী ২১ মার্চ। অন্যদিকে কোন কোন কলেজের ছাত্র ও শিক্ষকদের দাবীর মুখে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ব্যবহারিক পরীক্ষার তারিখ পিছিয়ে দিয়েছেন। একই বিশ্ববিদ্যালয়ে পরীক্ষানীতি দুই রকম হবে কেন—এই নিয়ে ছাত্রদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয়েছে। ইতিমধ্যেই ইডেন মহিলা বিশ্ববিদ্যালয় কলেজ ও ঢাকা কলেজের ভূগোল বিভাগের ছাত্র-ছাত্রীরা ব্যবহারিক পরীক্ষা পিছানোর দাবীতে গাজীপুর জাতীয় বিশ্ববিদ্যালয় চত্বরে গিয়ে বিক্ষোভ করেছে এবং পরীক্ষা পিছিয়ে দেয়ার দাবী জানিয়েছে। অথচ কর্তৃপক্ষ এ ব্যাপারে ছাত্র-ছাত্রীদেরকে আশ্বাস দিয়েও ব্যবহারিক পরীক্ষার পূর্ব ঘোষিত সময়সূচী ঠিক রেখেছে। অন্যদিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে ব্যবহারিক পরীক্ষা পিছিয়ে দেয়া হয়েছে। ফলে ছাত্র-ছাত্রীদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়েছে। একটি সূত্র জানায়, ব্যবহারিক পরীক্ষার জন্য ছাত্র-ছাত্রীদেরকে যথাযথভাবে প্রস্তুত করার ব্যাপারে শিক্ষকদের কোন গাফিলতি আছে কি-না তাও ভেবে দেখা দরকার। ঘটনার বাস্তবতার নিরিখে উক্ত ব্যবহারিক পরীক্ষা পিছিয়ে দেয়া বাঞ্ছনীয় হবে বলে ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের মতামত রয়েছে।